

# জগত জ্বলে রক্ত জলে

শামস্ রহমান

সত্যেরা সত্যি  
সাহসী ছিল একদিন  
গুহায় চুড়ায় ছিল  
ওদের তেজস্বী আনাগোনা  
মানুষের হৃদয়ে করতো বাস।

সত্যেরা আজ প্রকৃতই মধ্যবিস্ত  
সুবোধ বালকের মত  
ভিরু পায়  
স্বার্থে প্রথর দৃষ্টি মেলে -  
চলে আত্মতৃপ্তিতে  
ক্যাট ওয়াকের সুশোভন  
সমতল মঞ্চে  
আত্মকেন্দ্রিকতা-ভরা দৃষ্টিতে।

দিনে দিনে  
পরিত্যক্ত  
চুড়া আর গুহায়  
রাখালের অপরিচর্চায়  
আগাছা জন্মায়  
অসুন্দরেরা পূর্ণ করে  
শূন্য ময়দান  
উদাম দেহে  
ওরা এখন হিম্মতে

নিত্য নৃত্যে রত  
কালের বিরুদ্ধে তালে।

উত্তর-পশ্চিম কোণে  
উদারতন্ত্রের  
বাস আর প্রসার যেখানে  
পূর্ব-দক্ষিণে  
রক্ষণশীলতা  
লালিত পালিত হয় যেখানে  
একই দৃশ্য সবখানে।

এমনি করেই  
একদিন  
কিশানীর উঠান  
কৃষকের হাল গোয়াল  
আর  
সওদাগরের হাট  
নির্ভীক রাখালের আকালে  
বেহাত হয়ে -  
যাবে অসুন্দরের দখলে  
শুধু  
ঘাণহীন বুক  
আর  
তৃষ্ণাহীন প্রাণ  
থাকবে সংসারে।